চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৬ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

## ৮ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে অমর একুশে বইমেলা-২০২৩

নানা আয়োজনে ৮ ফেব্রুয়ারি থেকে অমর একুশে বইমেলা-২০২৩ শুরু করার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম মাঠে আয়োজিত সংবাদ সম্মেলনে মেয়র এ ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে মেয়র বলেন, বর্তমানে তরুণ প্রজন্ম মোবাইল ও মাদকের যে সমস্যায় ভুগছে তা থেকে মুক্তি দিতে পারে বই। বই মুক্তি দেয়, যুক্তি শেখায়। বইমেলা মুক্তিযুদ্ধের আদর্শ তুলে ধরতে সহায়তা করবে এই আমার আশা। এ কারণে চট্টগ্রামের মেয়র হিসেবে এ বইমেলার সার্বিক কার্যক্রমে আমি সংযুক্ত থেকে গর্বিত। মেলার দর্শনার্থীদের সুবিদার্থে প্রচুর অর্থ ব্যয়ে ধুলোবালিমুক্ত পরিবেশে চলাচল নিশ্চিত করতে মেলা প্রাঙ্গণে ত্রিপল এবং ইট বিছানোর ব্যবস্থা নেয়া হয়েছে, নিশ্চিত করা হয়েছে নিরাপদ পরিবেশ।

মেয়র জানান, এবারের মেলার অনুষ্ঠানমালায় রয়েছে নজরুল দিবস, মাতৃভাষা দিবস-২১ ফেব্রুয়ারি, লোক উৎসব, রবীন্দ্র উৎসব, তারুণ্য উৎসব, নারী উৎসব, বসন্ত উৎসব, মরমী উৎসব, আবৃত্তি উৎসব, নৃগোষ্ঠী উৎসব, লেখক সমাবেশ, যুব উৎসব, শিশু উৎসব, পেশাজীবী সমাবেশ, মুক্তিযুদ্ধ উৎসব, ছড়া উৎসব, কুইজ প্রতিযোগিতা, চাটগাঁ উৎসব, স্বল্পদৈর্ঘ্য চলচিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, বইমেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান। ইতোমধ্যে মেলার সার্বিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

মেলা প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৯টা ও ছুটির দিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। দেশের খ্যাতিমান কবি-সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ ও সাংস্কৃতিক অঙ্গনের বরেণ্য ব্যক্তিবর্গ প্রতিদিনের বিষয়ভিত্তিক আলোচনায় অংশ নেবেন।

এবারও মেলা প্রাঙ্গণে থাকছে দৃষ্টিনন্দন বঙ্গবন্ধু কর্ণার। লেখক আড্ডাসহ নারী কর্ণার এবং ওয়াইফাই জোন। এছাড়াও নিরাপত্তার স্বার্থে পুরো মেলা প্রাঙ্গন সিসিটিভি নেটওর্য়াকের আওতাভুক্ত থাকবে। কার্যালয়ে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত আসন থাকবে । মেলা মঞ্চে প্রতিদিনই নতুন বইয়ের মোড়ক উন্মোচন ও বিষয়ভিত্তিক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মেলায় প্রতিদিনের আলোচনা সভায় বাঙালির সাহিত্য-ইতিহাস-ঐতিহ্যসহ নানান বিচিত্র বিষয়ের সমাহার ঘটানো হয়েছে ।

এছাড়াও মেলা মঞ্চে প্রতিদিন শিশু কিশোরদের চিত্রাংকন, রবীন্দ্র-নজরুল-লোক সঙ্গীত, সাধারণ নৃত্য, লোক নৃত্য, আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, দেশের গানের আয়োজন করা হবে। মেলাকে আকর্ষণীয় করার লক্ষ্যে চট্টগ্রমের লেখক, সাহিত্যিক, সংস্কৃতি কর্মী ও বইপ্রেমীদের নিয়ে বিভিন্ন উপ-পরিষদ গঠন করা হয়েছে। তাদের সহযোগিতায় প্রতিদিনের অনুষ্ঠানমালা সাজানো হয়েছে। অনুষ্ঠানগুলোতে বাংলাদেশের প্রথিতযশা লেখক, সাহিত্যিক, শিক্ষিবিদ, বুদ্ধিজীবী উপস্থিত থাকবেন। মেলা মঞ্চে প্রতিদিন মুক্তিযুদ্ধের জাগরণী ও দেশাত্ববোধক গান পরিবেশিত হবে।

মেলায় লেখক-পাঠক দর্শনার্থীরা যেন সামাজিক দূরত্ব বাজায় রেখে প্রাণ খুলে ঘুরে বেড়াতে পারে-বই ক্রয় করতে পারে সেজন্য মেলার প্রচুর খোলা জায়গা রাখা হয়েছে। প্রায় ১ লাখ ২ হাজার ৩০০ বর্গফুটের সুবিশাল আয়তন জুড়ে মোট স্টল বরাদ্দ দেয়া হয়েছে ১৪০টি । এরমধ্যে ডাবল স্টল ৩২টি এবং সিঙ্গেল স্টল ৭৬টি। চট্টগ্রামের পাশাপাশি ঢাকার সৃজনশীল অভিজাত প্রকাশনী সংস্থা গুলো মেলায় অংশ নিচ্ছে এবং তাদেরকে স্টলও বরাদ্দ দেয়া হয়েছে। ঢাকা এবং চট্টগ্রামসহ মোট ১০৮টি প্রকাশনা সংস্থা মেলায় অংশ নিচ্ছেন।

এবারের মেলায় থাকছে-নতুন বইয়ের মোড়ক উম্মোচন, মঞ্চ ও সেলফি কর্নার। এছাড়াও ৫২'র ভাষা আন্দোলন ও স্বাধীনতার আন্দোলনে অংশগ্রহন কারীদের প্রদর্শনীর ব্যবস্থা থাকবে। মেলা পরিষদের কক্ষ, সুপরিসর মিডিয়া সেন্টার, হেলথ কর্নার, ফায়ার সার্ভিস, অভ্যর্থনা কক্ষ, টিভি বুথ, এটিএম ব্যাংকের বুথ, সার্বক্ষণিক সেবা ব্যবস্থাপনার জন্য সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগের সার্ভিস বুথ থাকবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন-অমর একুশে বইমেলা কমিটির আহবায়ক ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মেলা কমিটি সদস্য সচিব লুৎফুন নাহার, চসিক শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, মেয়রের একান্ত সচিব

মুহাম্মদ আবুল হাশেম, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক দেব দুলাল ভৌমিক, মুক্তিযুদ্ধ গবেষক ডা. মাহফুজুর রহমান, প্রকৌশলী দেলোয়ার মজুমদার, মুক্তিযোদ্ধা দেওয়ান মাকসুদ আহমেদ, শাহ আলম নিপু, আলী প্রয়াস, শুকলাল দাশ,শামসুদ্দিন হারুন, আইয়ুব সৈয়দ, আজাদ বুলবুল, কামরুল হাসান বাদ, আশেক রসুল চৌধুরী টিপু প্রমুখ।

**পাহাড়তলী বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ দোকানদারদের সহায়তার ঘোষণা মেয়রের**

পাহাড়তলী রেলওয়ে বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ দোকান মেরামতে টিন প্রদানের পাশাপাশি বাজারের আবর্জনা ব্যবস্থাপনা ও সড়ক উন্নয়নের ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার ক্ষতিগ্রস্থ বাজার পরিদর্শন শেষে পাহাড়তলী রেলওয়ে বাজার ব্যবসায়ী কল্যাণ সমিতির সাথে সাক্ষাৎকালে মেয়র এ ঘোষণা দেন।

মেয়র বলেন, আগুনে ক্ষতিগ্রস্থ দোকানগুলো পুনরুদ্ধারে চসিকের ৩০জন সেবক কাজ করে যাচ্ছে। ক্ষতিগ্রস্থ দোকানগুলোকে টিন দিয়ে সহায়তা করা হবে। বাজারে এসে যে সমস্ত সমস্যার কথা বাজার সমিতি আমাকে জানিয়েছেন তা সমাধান করব। বিশেষ করে বাজারের আবর্জনা ব্যবস্থাপনা ও সড়ক উন্নয়ন করব যাতে বাজারে ব্যবসার পরিবেশ বৃদ্ধি পায়। এসময় ১২ নং সরাইপাড়া ওয়ার্ড কাউন্সিলর মো. নুরুল আমিন মেয়রকে তড়িৎ পদক্ষেপ নেয়ায় ধন্যবাদ জানান এবং এলাকার বিভিন্ন সমস্যার কথা মেয়রকে জানান।

পরিদর্শনকালে পাহাড়তলী রেলওয়ে বাজার ব্যবসায়ী কল্যাণ সমিতির সভাপতি কামাল উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম, যুগ্ম সম্পাদক মোঃ নুরুন্নবী তালুকদার, অর্থ সম্পাদক আব্দুল হাসেম, ক্রীড়া সম্পাদক মোঃ আব্দুল শুক্কুর (লিটন), দপ্তর সম্পাদক কমল চন্দ্র দাস, সদস্য মোঃ মোজাহের আলম উপস্থিত ছিলেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## ফুটপাত ও রাস্তা দখল করার দায়ে
## ১৩ ব্যক্তিকে ৩৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর আতুরারডিপো এলাকায় মাংস বিহীন দিবসে মাংস বিক্রয় এবং পোর্ট কানেকটিং রোড ও হালিশহর রোডের ফুটপাত ও রাস্তা দখল করে বিভিন্ন মালামাল রেখে ব্যবসা পরিচালনা করে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর চকবাজার থানাধীন পল্টন রোড এবং এম এম আলী রোডের উভয়পার্শ্বের রাস্তা ও ফুটপাত দখল করে টায়ারসহ বিভিন্ন মালামাল রেখে ব্যবসা ও নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেট গণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮